

Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 03 May, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শাহজালাল হলে প্রথমবারের মতো চালু হলো আধুনিক জিমনেশিয়াম।

শনিবার (৩ মে) সকালে জিমনেশিয়ামটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হক, হল প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ বদিউজ্জামান খান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মো. আসাদুজ্জামান সরকারসহ হলের শিক্ষার্থীরা।

জিমনেশিয়ামটি অত্যাধুনিক যন্ত্রপাতি দিয়ে সজ্জিত। থাকছে ওয়েট বেঞ্চ, সিট-আপ বেঞ্চ, রাউন্ড ও ফিক্সড ডাম্বেল, জাম্প রোপ, এবি হুইল, হ্যান্ড গ্রিপ, এক্সারসাইজ বাইক, ম্যাট ও পুশ-আপ বার। হল প্রভোস্ট জানান, ঈদের আগেই ট্রেডমিলও যুক্ত হবে।

জিমনেশিয়ামের পেছনের ভাবনা জানিয়ে প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ বদিউজ্জামান খান বলেন, “ছাত্রজীবনে আমি নিজেও খেলাধুলায় সক্রিয় ছিলাম। আমাদের হলের শিক্ষার্থীরাও যেন খেলাধুলা ও শরীরচর্চার সুযোগ পায়, সে জন্যই হলে একটি কক্ষ সংস্কার করে জিমনেশিয়াম গড়ে তোলা হয়েছে। আশা করছি, ঈদের পরই ট্রেডমিল সংযোজন করা যাবে।”

তিনি আরও বলেন, “শাহজালাল হল আন্তর্জাতিক হল হওয়ায় বিদেশি শিক্ষার্থীদের খেলার সুযোগ বাড়ানোর দিকেও গুরুত্ব দিচ্ছি। সুস্থ শরীর গঠনের পাশাপাশি মাদক বা অপসংস্কৃতি

থেকেও শিক্ষার্থীরা দূরে থাকবে—এটাই আমাদের লক্ষ্য।”

নেপালি শিক্ষার্থী রাল্ফ যাদব বলেন, “রুমের কাছেই জিমনেশিয়াম থাকায় আমরা খুবই খুশি। মাঠের খেলাধুলার পাশাপাশি এখন শরীরচর্চাও সহজ হলো। প্রভোস্ট স্যারকে ধন্যবাদ জানাই এমন শিক্ষার্থীবাকব উদ্যোগ নেওয়ার জন্য।”

চতুর্থ বর্ষের শিক্ষার্থী মো. ওমর ফারুক শাহীন বলেন, “আগের দোসর সরকার হলে মাদকের আস্তানা বানিয়েছিল। সেই অন্ধকার থেকে আমাদের রক্ষা করতে এই জিমনেশিয়াম বড় ভূমিকা রাখবে। এখন আমরা খেলাধুলার পাশাপাশি শরীরচর্চা করতে পারছি—এটা সত্যিই প্রশংসনীয় উদ্যোগ।”

বাকবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:04

URL: <https://www.timestodaybd.com/campus/1852668182>